

ঢাকা ও চট্টগ্রামে গ্রেফতার ১১ ধর্মঘটী শিক্ষকদের দাবী পূরণের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবিরাম কর্মবিরতির ৭ম দিনে গতকাল (শুক্রবার) ঢাকা উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সম্মুখে অবস্থানরত ২০জন শিক্ষক ও শিক্ষকিত্রীকে গ্রেফতার করা হইয়াছে। গতকাল ধর্মঘটের শিক্ষকরা শিক্ষাবোর্ড অফিসের প্রধান ফটকের সম্মুখে বসিয়া থাকিলে পুলিশ তাহাদের বাধা প্রদান করে। এই সময় শিক্ষক ও পুলিশের মধ্যে সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ প্রদীপ কুমার, আবদুল জলিল ও আয়েশা সিদ্দিকাসহ ২০ জনকে গ্রেফতার করে। ইহাছাড়া, চট্টগ্রাম হইতে শিক্ষক নেতা কামরুজ্জামান ও হেনা দাসকে গ্রেফতারের খবর পাওয়া গিয়াছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি, পৃথক পৃথক বিরতিতে গ্রেফতারকৃতদের অবিলম্বে মুক্তি দিয়া তাহাদের ন্যূনতম দাবী (১২শ পৃঃ ১-এর কঃ দঃ)

নির্ধারিত তারিখেই এস এস সি পরীক্ষা অনুষ্ঠিত হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী প্রফেসর এম এ মতিন বলিয়াছেন, শিক্ষকদের অবৈধ ধর্মঘট সত্ত্বেও আগামী ৬ই মার্চ দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষা নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হইবে, পরীক্ষার সময়সূচীর কোন পরিবর্তন হইবে না। মন্ত্রী গতকাল (শুক্রবার) বাংলাদেশ কলেজ অব সার্জনস এ্যাণ্ড ফিজিঅ্যানদের ফেলো ক্লাবের উদ্বোধনকালে আরও বলেন, অননুমোদিত, অস্বাভাবিক শিক্ষক সমন্বয় পরিষদ (১২শ পৃঃ ৪-এর কঃ দঃ)

শিক্ষা মন্ত্রী

(১ম পৃঃ পর)

অবৈধভাবে বিনা নোটিসে বিগত ৭ দিন যাবৎ দেশের বেসরকারী মাধ্যমিক স্কুলসমূহে ধর্মঘট পালন করিতেছে। আসন্ন এস, এস, সি, পরীক্ষায় অচলাবস্থা সৃষ্টি এবং সূষ্ঠাভাবে অনুষ্ঠানকে বানচাল করাই তাহাদের লক্ষ্য। চারটি বোর্ডের এসএসসি পরীক্ষার সাথে দেশের প্রায় ৫ লক্ষ পরীক্ষার্থী ও অগণিত অভিভাবকের ভাগ্য জড়িত।

শিক্ষামন্ত্রী সূষ্ঠা ও শান্তিপূর্ণভাবে আসন্ন এস, এস, সি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে অভিভাবক ও শিক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। খবর তথ্য বিবরণীর

শহর আবদুল হামিদ ইসলামসহ গতকাল (শুক্রবার)সমিতির আরও কয়েকজন নেতার বাড়ীতে পুলিশ তল্লাশী চালায়। গতকাল পর্যন্ত প্রায় দুইশত কলেজ শিক্ষককে গ্রেফতার করা হইয়াছে বলিয়া অভিযোগ করিয়া জাতীয়তাবাদী ছাত্রদল বলিয়াছে, গ্রেফতার ও শিক্ষকদল ছাত্রসমাজের হতাশা আরও তীব্র করিবে।

জাশনাল আওরামী পার্টির সৈয়দ আলতাফ হোসেন, পীর হাবিবুর রহমান, চৌধুরী হাকিম রশীদ এক যুক্ত বিরতিতে শিক্ষকদের দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানান।

ক্রমিক কৃষক সমাজবাদীদল জরুরী ভিত্তিতে আলোচনার মাধ্যমে এই সমস্যা সমাধানের চেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট দাবী জানান। জাসদ নেতা সিরাজ হুইন এক বিরতিতে অবিলম্বে আলোচনার মাধ্যমে সমস্যা নিরসনের দাবী জানান।

জামাতে ইসলামী বলিয়াছে, সরকারের উদাসীনতার কারণেই শিক্ষকরা ধর্মঘটে গিয়াছে।

আমাদের চট্টগ্রাম অফিসের খবর : পুলিশ গতকাল (শুক্রবার) বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সভাপতি কামরুজ্জামান সাধারণ সম্পাদিকা হেনা দাস ও চট্টগ্রাম শহর শাখার সভাপতি মাহমুদুল হককে গ্রেফতার করে। এই ঘটনার প্রতিবাদে সমিতির পক্ষ হইতে আজ (শনিবার) চট্টগ্রামে অর্ধদিবস হরতালের কর্মসূচী ঘোষণা করা হয়।

গতকাল শিক্ষক সমিতির সম্মেলনের দ্বিতীয় দিনের কর্মসূচী সংক্ষিপ্ত করিয়া একটি বিক্ষোভ মিছিল বাহির করা হয়। পরে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে একটি প্রতিবাদ সভার আয়োজন করা হয়। সমিতির ভারপ্রাপ্ত সভাপতি চৌধুরী খোরশেদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তৃতা গণ অবিলম্বে নেতৃবৃন্দের দ্বিভিত্তিক দাবী করেন।